অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/17/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো নির্বাহী আদেশে জারি করেছেন যা সকল নিউ ইয়র্ক স্টেটের সরকারী এবং বেসরকারী পরীক্ষাগারগুলিকে রাজ্যের স্বাস্থ্য দপ্তরের সাথে সমন্বয়ের নির্দেশ দিয়েছেন নির্ণায়ক পরীক্ষাগুলিকে অগ্রাধিকার প্রদান করার জন্য

পরীক্ষা বাড়ানোর জন্য রাজ্যের প্রচেষ্টার অংশ, গভর্নরের ব্লুপ্রিন্টের এক মূল উপাদান নিউ ইয়র্ককে বিরামহীন করার জন্য

রাজ্যগুলিকে সীমাহীন অর্থ প্রদান করার জন্য ফেডারেল সরকারের আহ্বান পুনর্ব্যক্ত করে

নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসীদের CARES অ্যাক্টের এর অধীনে তাদের অর্থনৈতিক প্রভাবের পেমেন্ট দাবি করার জন্য সচেতনতা প্রচারণা শুরু করেন

নিউ ইয়র্ক স্টেটে আরো 7,358টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা রাজ্যব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 229,642-তে নিয়ে আসে; 50 কাউন্টিতে নতুন কেস

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে তিনি একটি নির্বাহী আদেশ জারি করবেন নিউ ইয়র্কের সকল সরকারী ও বেসরকারী ল্যাবগুলিকে রাজ্য স্বাস্থ্য দপ্তরের (Department Of Health) সাথে সমন্বয় করার জন্য যাতে করোনাভাইরাসের নির্ণায়ক পরীক্ষাকে অগ্রাধিকার দেওয়া যায়। এই পদক্ষেপ রাজ্যের পরীক্ষণ বৃদ্ধি করার প্রচেষ্টার একটি অংশ, যা গভর্নরের নিউ ইয়র্ককে বিরামহীন করার ব্লুপ্রিন্টের একটি মূল উপাদান। নির্বাহী আদেশটি নিশ্চিত করতে সাহায্য করবে যে রাজ্যের 301টি ল্যাবরেটরি এবং হাসপাতালগুলি যারা ভাইরলজি সম্পাদন করার জন্য লাইসেন্সপ্রাপ্ত, তারা সমন্বয়িতভাবে কাজ করেন পরীক্ষা করার ক্ষেত্রে প্রতিবন্ধকতাগুলি জয় করার জন্য যার সম্মুখীন দেশের সব রাজ্যই এখন হচ্ছেন।

অর্থনীতিকে স্থিতিশীল করতে এবং রাজ্যগুলিকে তাদের কাজকর্ম পুনরায় চালু করার জন্য রাজ্যগুলিকে অবাধ অর্থায়ন প্রদানের জন্য ফেডেরেল সরকারকে তাঁর আহ্বান পুনর্ব্যক্ত করেন। ফেডারেল করোনাভাইরাস এইড, রিলিফ, অ্যান্ড ইকোনমিক সিকিউরিটি (Coronavirus Aid, Relief, and Economic Security, CARES) অ্যাক্ট সহ এই সঙ্কটের সুরাহা করতে কেন্দ্রীয় সরকার তিনটি বিল পাশ করেছে, যার মধ্যে রাজ্যের রাজস্বের থামতি পূরণ করার জন্য একটিতেও অর্থায়নের ব্যবস্থা ছিল না।

গভর্নর স্বল্প আয়ের নিউ ইয়র্কবাসীদের করোনাভাইরাস এইড, রিলিফ, অ্যান্ড ইকোনমিক সিকিউরিটি অ্যাক্টের অধীনে তাদের অর্থনৈতিক প্রভাবের পেমেন্ট দাবি করার জন্য উৎসাহিত করার উদ্দেশ্যে সচেতনতা প্রচার শুরু করেন। এই অ্যাক্ট 75,000 মার্কিন ডলারের নিচে উপার্জনকারী 1,200 মার্কিন ডলার এবং 150,000 মার্কিন ডলারের নিচে উপার্জনকারী ব্যক্তিদের 2,400 মার্কিন ডলার প্রদান করে। তবে করদাতারা 2018 বা 2019 এর ফেডারেল ট্যাক্স রিটার্ন দাখিল করে থাকলে কেবল তাদের পেমেন্ট স্বয়ংক্রিয়ভাবে পাবেন। যেহেতু ফেডারেল ফাইলিং-এর সীমা মোটামুটি 12,000 মার্কিন ডলার ব্যক্তির জন্য এবং 24,000 মার্কিন ডলার বিবাহিত দম্পতিদের জন্য, সব চেয়ে কম আয়ের নিউ ইয়র্কবাসীরা যাদের রিটার্ন ফাইল করার প্রয়োজন নেই তারা পেমেন্ট পাবেন না যদি না তারা ইন্টার্নাল রেভিনিউ সার্ভিস (Internal Revenue Service, IRS)-কে তাদের তথ্য প্রদান করেন।

গভর্নরের সচেতনতা প্রচারণাকে সমর্থন করার জন্য, কর ও অর্থ বিভাগ (Department of Taxation and Finance) একটি অর্থনৈতিক প্রভাব পরিশোধের তথ্য: আপনার যা জানা উচিত ওয়েবপেজ চালু করেছে এবং করদাতাদের সরাসরি আউট্রিচ প্রদান করবে যারা তাদের পাওনা পরিশোধের অর্থ স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত হতে নাও পারেন। আয়কর বিভাগ (Tax Department) অস্থায়ী ও প্রতিবন্ধকতামূলক সহায়তার দপ্তর (Office of Temporary and Disability Assistance), নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ ভেটেরান্স সার্ভিসেস (NYS Division of Veterans' Services), শ্রম দপ্তর (Department of Labor) ও স্থানীয় কমিউনিটির সংগঠনগুলোর সাথে অংশিদারিত্বও করবে সচেতনতা বাড়াতে এবং যাদের এই সুবিধা সব চেয়ে বেশি প্রয়োজন তাদের দ্বারা ব্যবস্থা নেওয়া নিশ্চিত করতে হবে।

"নিউ ইয়র্ককে বিরাম-হীন করার জন্য আমরা আগামী বেশ কয়েক মাস ধরে যে কাজ করব, সেখানে পরীক্ষণ এবং ট্রেসিং আমাদের গাইডপোস্ট হবে," **গভর্নর কুওমো বলেন।** "বর্তমানে বড় মাপের COVID পরীক্ষা প্রয়োজন, তা করতে কোনও রাজ্যই সক্ষম নয়। আমাদের রাজ্য জুড়ে 300টি ল্যাবরেটরি এবং হাসপাতাল আছে যারা ভাইরোলজি টেস্টিং করে এবং আমাদেরকে তাদের একটি সিস্টেমে পরিণত করতে হবে -- যেমন আমরা হাসপাতালগুলির সঙ্গে করেছি -- আমাদের পরীক্ষার ক্ষমতাকে সেখানে নিয়ে যেতে যেখানে এটি যাওয়া প্রয়োজন। আমি একটি নির্বাহী আদেশ জারি করতে যাচ্ছি যাতে বলা হয়েছে স্বাস্থ্য দপ্তর (Department of Health) এই সব ল্যাবগুলির সাথে সমন্বয়সাধন করবে যাতে আমরা পরীক্ষা করা বাড়াতে পারি এবং আরো বেশী মানুষকে কাজে ফিরিয়ে আনতে পারি।"

পরিশেষে, গভর্নর আরও 7,358টি নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 229,642-তে নিয়ে এসেছে। মোট 229,642 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	619	38
Allegany	29	1

Broome	178	11
Cattaraugus	34	2
Cayuga	36	0
Chautauqua	25	1
Chemung	71	1
Chenango	76	3
Clinton	47	1
Columbia	101	2
Cortland	25	1
Delaware	48	1
Dutchess	2,142	57
Erie	1,929	79
Essex	15	3
Franklin	13	0
Fulton	27	2
Genesee	83	5
Greene	77	3
Hamilton	3	0
Herkimer	46	3
Jefferson	50	2
Lewis	8	0
Livingston	34	2
Madison	105	0
Monroe	975	43
Montgomery	33	1
Nassau	28,539	767
Niagara	227	11
NYC	127,352	4,206
Oneida	261	12
Onondaga	483	21
Ontario	67	2
Orange	6,084	196
Orleans	34	0
Oswego	45	1
Otsego	44	0
Putnam	578	5
Rensselaer	150	13
Rockland	8,987	235
Saratoga	236	5

Schenectady	250	5
Schoharie	20	0
Schuyler	6	0
Seneca	18	0
St. Lawrence	96	3
Steuben	154	0
Suffolk	25,035	853
Sullivan	505	68
Tioga	30	3
Tompkins	117	1
Ulster	788	27
Warren	91	10
Washington	48	2
Wayne	49	0
Westchester	22,476	648
Wyoming	35	1
Yates	8	1

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন